



শিক্ষা প্রতিষ্ঠানগুলোর গবেষণার চেয়ে বেতন-ভাতায় খরচ হচ্ছে বেশি : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি বলেন, সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নের প্রয়োজনে মেধা সম্পন্ন শিক্ষক নিয়োগ, শিক্ষক প্রশিক্ষণ, পুনঃপ্রশিক্ষণ এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও পরিবীক্ষণ ব্যবস্থাকে জোরদার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

মন্ত্রী গত বৃহস্পতিবার ঢাকায় শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় বক্তৃতা করছিলেন। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক এ এম ফারুক, রেজিস্ট্রার আবু আকবর মিয়া, ডিন মোঃ সাদত উল্লাহ, শিক্ষক সমিতির সভাপতি ড. এম সিরাজুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের দেশে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে গবেষণার চেয়ে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার খরচ বেশি হচ্ছে যা বাঞ্ছনীয় নয়। তিনি বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বব্যবস্থায় টিকে থাকার প্রয়োজনে শিক্ষার মানোন্নয়নের প্রয়োজন রয়েছে এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে গবেষণা ও একাডেমিক কার্যক্রমকে আরো জোরদার করতে হবে। মন্ত্রী বলেন, সরকার সকল স্তরে শিক্ষার মানোন্নয়নে সকল প্রকার সহায়তা প্রদানে প্রস্তুত রয়েছে।

পরে মন্ত্রী শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় চত্বরে গাছের চারা রোপণ করে বিশ্ববিদ্যালয়ের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন। মন্ত্রী সরকারের বৃক্ষরোপণ কর্মসূচির সফল বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। তথ্য